

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৬, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ  
অপারেশন-৪ শাখা

## প্রজ্ঞাপন

তারিখ, ২১ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/০৫ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৬৩-আইন/২০১৬।—যেহেতু Explosives Act, 1884 (IV of 1884), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) বিধিমালা, ২০০৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিবার লক্ষ্যে প্রস্তাবিত সংশোধনীসমূহ উক্ত Act, এর section 18 এর বিধান মোতাবেক সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে ৭ মার্চ, ২০১৬ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৫৩-আইন/২০১৬ এর মাধ্যমে প্রাক-প্রকাশ করিয়াছিল; এবং

যেহেতু, উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত সময়সীমার মধ্যে প্রস্তাবিত সংশোধনী সম্পর্কে কাহারো নিকট হইতে কোন পরামর্শ বা আপত্তি পাওয়া যায় নাই;

সেহেতু সরকার উক্ত Act এর section 18 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) বিধিমালা, ২০০৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার বিধি ৮০ এর উপ-বিধি (৩) এর পর নিম্নরূপ উপ-বিধি (৪) সংযোজিত হইবে, যথা:—

“(৪) সিএনজি স্টেশন এর যন্ত্রপাতি ও সরঞ্জামাদি পর্যবেক্ষণ, পরীক্ষণ ও নিরাপত্তা বিষয়ক বার্ষিক জরিপের জন্য ১০,০০০ (দশ হাজার) টাকা ফি প্রদান করিয়া আবেদন করিতে হইবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোহাম্মদ আহসানুল জব্বার  
অতিরিক্ত সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(১৪০১৩)  
মূল্য : টাকা ৪.০০